# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০২.০২.২৬২.১৮- ৬০৪ তারিখঃ ১৩ নভেম্বর, ২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অক্টোবর মাস হতে চলমান সকল কোর্সের অ্যাফিলিয়েশন ফি অনলাইনে পরিশোধের ব্যবস্থা চালু করা হয়েছে। ই-সেবার মান উন্নয়নের অংশ হিসেবে সকল কারিকুলামের বকেয়াসহ হালনাগাদ অ্যাফিলিয়েশন ফি ই-সেবার মাধ্যমে দ্রুত পরিশোধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

বর্তমান ই-সেবা ডাটাবেজে ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজি এবং ব্যাচ/শিফট সংক্রান্ত অনুমোদনের কোনো তথ্যগত ত্রুটি বিদ্যমান থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে যথাযথ সঠিক তথ্য প্রদানপূর্বক তা সংশোধন করার জন্য অনুরোধ করা হলো।

**উল্লেখ্য, সরকারি সকল প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি এর বিল ই-সেবা হতে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।**

সকল প্রতিষ্ঠানের বার্ষিক অ্যাফিলিয়েশন ফি বোর্ডের ওয়েবসাইট (**bteb.gov.bd > btebesheba.gov.bd**) এ প্রবেশ করে ই-সেবার মাধ্যমে নিয়মিত পরিশোধ এবং প্রয়োজনীয় তথ্য সংশোধন করার জন্য অনুরোধ জানানো হলো। কোন প্রকার অসামঞ্জস্য পরিলক্ষিত হলে প্রয়োজনীয় প্রমাণকসহ অ্যাফিলিয়েশন শাখায় যোগাযোগ করার জন্য বলা হলো।

আসন্ন জাতীয় পরীক্ষায় কোনো প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি বকেয়াসহ হালনাগাদ করা না থাকলে উক্ত প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হতে পারে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১৩/১১/২০২৫

(মো: আল মাসুদ করিম)
সচিব
ফোন ঃ ৫৫০০৬৫২২ (অফিস)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০২.০২.২৬২.১৮-৬০৪ (০৯) তারিখঃ ১৩ নভেম্বর, ২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ।

১-৪ । পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
৫ । অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার/ পরিচালক/ প্রতিষ্ঠান প্রধান (সকল)।
৬ । উপপরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ ডিপ্লোমা ইন এগ্রিকালচার, টেক্সটাইল/ বিএমটি/ এসএসসি (ভোক:)/ শর্টকোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
৭ । সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো) ।
৮ । চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
৯ । নথি ।

১৩.১১.২৫

(মোঃ আব্দুল্লা আল মাবুদ)
উপসচিব (প্রশাসন) অ. দা.
ফোন ঃ ৫৫০০৬৫৩০ (অফিস)